

# Consultations between Secretary (East) and Republic of Korea First Vice Foreign Minister

December 23, 2020

## সচিব (পূর্ব) এবং কোরিয়া প্রজাতন্ত্রের প্রথম উপ-পরাষ্ট্র মন্ত্রীর মধ্যে আলোচনাসভা

ডিসেম্বর 23, 2020

বিদেশ মন্ত্রকের সচিব (পূর্ব), শ্রীমতী রিভা গাঙ্গুলি দাস, এবং কোরিয়া প্রজাতন্ত্রের প্রথম উপ-বিদেশমন্ত্রী মাননীয় চোই জং-কুন ডিসেম্বর 23, 2020 তারিখে ডিজিটাল ভিডিও কনফারেন্সের মাধ্যমে আলোচনায় বসেছিলেন। দ্বিপাক্ষিক সহযোগিতা এবং উচ্চ-পর্যায়ের দ্বিপাক্ষিক বিনিময়, প্রতিরক্ষা ও সুরক্ষা সহযোগিতা, কোভিড-19 জনিত প্রতিক্রিয়া, বহুপাক্ষিক ফোরামে সমন্বয়সাধনসহ পারস্পরিক স্বার্থবিজড়িত আন্তর্জাতিক বিষয়গুলিও আলোচনায় অন্তর্ভুক্ত ছিল।

2021 সালে উচ্চ পর্যায়ের বিনিময় আরও জোরদার করতে এবং প্রতিরক্ষা ক্ষেত্র এবং বিশেষত প্রতিরক্ষা শিল্প বৃদ্ধিতে পারস্পরিক লাভজনক সহযোগিতা আরও বাড়ানোর বিষয়ে উভয় পক্ষই একমত হয়েছে। তারা দুদেশের মধ্যে অপরিহার্য বিমান ভ্রমণকে সহজতর করার পাশাপাশি কোভিড-19 প্রসঙ্গে বিভিন্ন সহযোগিতা বিষয়েও মতবিনিময় করেছেন। কোরিয়া প্রজাতন্ত্রে ভ্রমণকারী ভারতীয় নাগরিকসহ অন্য বিদেশিদের ভ্রমণ নিষেধাজ্ঞা, বিমানসংখ্যার উপর বিধিনিষেধ এবং ভিসার ক্যাটাগরি আরও শিথিল করার জন্য সরকার কর্তৃক বিবেচিত পদক্ষেপের কথা তুলে ধরেন উপরাষ্ট্রমন্ত্রী চোই। উভয় পক্ষই এয়ার বাবল্ আরেঞ্জমেন্টের জন্য আলোচনা অব্যহত রাখতে সম্মত হন।

উপরাষ্ট্রমন্ত্রী চোই আন্তর্জাতিক সোলার অ্যালায়েন্স (আইএসএ) এবং দুর্যোগ প্রতিরোধকারী পরিকাঠামো (সিডিআরআই) জাতীয় উদ্যোগে সংযুক্তির মাধ্যমে জলবায়ু পরিবর্তন ও দুর্যোগ ব্যবস্থাপনার মতো সাধারণ সমস্যার মোকাবিলায় ভারতের নেতৃত্বের ভূমিকার প্রশংসা করেছিলেন এবং এই প্রসঙ্গে ভারতের সাথে কাজ চালিয়ে যাওয়ার ইচ্ছাও প্রকাশ করেছেন।

নিউ দিল্লি

ডিসেম্বর 23, 2020

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.